কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত
করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে
হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"এই যুগ" অফিসে।
ফোন নং: 9062867921।





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 5 FEBRUARY 2026 ,THURSDAY | ৫ ফেব্রুয়ারি ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-66


## মাদক ও নগদ টাকা সহ গ্রেপ্তার মা ও মেয়ে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৪ ফেব্রুয়ারি : শিলিগুড়ির আশিঘর কলোনীর পাপিয়াপাড়ায় একটি বাড়িতে অভিযান চালিয়ে মাদক ও নগদ টাকা সহ মা ও মেয়েকে গ্রেপ্তার করলো পুলিশ। জানা গেছে গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার সকালে এই বাড়িতে অভিযান চালায় আশিঘর পুলিশ ফাঁড়ির পুলিশ ও ভক্তিনগরথানার আই সি। বাড়িতে তল্লাশী চালিয়ে উদ্ধার হয় আটষট্টি গ্রাম ব্রাউন সুগার, নগদ আট হাজার টাকা,মদের বোতল। স্থানীয়দের অভিযোগ দীর্ঘদিন ধরেই এই বাড়িতে মা ও মেয়ে দুজনে মিলে মাদকের কারবার চালাতো। ধৃত মায়ের নাম অঞ্জু দাস ও মেয়ের নাম শুক্লা দাস। স্থানীয়রা জানান আগে অঞ্জু দাসের ছেলে মাদকের কারবার করতো। বছর কয়েক আগে ছেলে একটি দূর্ঘটনায় মারা যায়। তারপর থেকে মা ও মেয়ে দুজনে মিলে মাদক কারবার চালাতো। পুলিশ এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করেছে। ধৃত মা ও মেয়ের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। পুলিশ আরও জানিয়েছে বৃহস্পতিবার তাদের জলপাইগুড়ি জেলা আদালতে পাঠানো হবে। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

## বিঘার পর বিঘা জমির গাঁজা গাছ কেটে ভস্মীভূত করা হোলো ধূপগুড়ি পুলিশ বাহিনীর তৎপরতায়





সুমিত কান্তি সরকার, এই যুগ, জলপাইগুড়ি, ৪ ফেব্রুয়ারি : মাদক বিরোধী অভিযানে ফের বড়সড় সাফল্য পেল ধূপগুড়ি থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে বুধবার ধূপগুড়ি থানার আইসি অনিন্দ্য ভট্টাচার্য ও ডাউকিমারি ফাঁড়ির ওসি রমেন লস্করের নেতৃত্বে এক বিশাল পুলিশ বাহিনী পূর্ব ডাউকিমারি ও মধ্য খট্টিমারি এলাকায় ঝটিকা অভিযান চালায়। পুলিশ সূত্রে জানা গেছে, ওই এলাকায় দীর্ঘ দিন ধরে নিজেদের জমিতেই অবৈধভাবে গাঁজার চাষ করছিলেন কয়েকজন অসাধু ব্যক্তি। এদিন অভিযানে নেমে পুলিশ প্রায় ৭০টি পূর্ণবয়স্ক গাঁজা গাছ কেটে ফেলা হয় এবং ঘটনাস্থলেই সেগুলি আগুনে পুড়িয়ে নষ্ট করে দেওয়া হয়। পুলিশের উপস্থিতি টের পেয়েই অভিযুক্ত জমির মালিক এলাকা ছেড়ে চম্পট দেয়। তার খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।এখানেই নয় এরপর সোজা সেখান থেকে গোটা পুলিশ বাহিনীর পৌঁছে যায়, ঝার আলতা ২ নং গ্রাম পঞ্চায়েতের কালার খাস এলাকায়। সেখানেও অবৈধভাবে চাষ করা গাঁজা গাছ কেটে ফেলা হয় পুলিশের তরফে।

## সাঁতালি চা বাগানে বন দপ্তরের পাতা খাঁচায় বন্দী হলো চিতাবাঘ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৪ ফেব্রুয়ারি : আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের সাঁতালি চা বাগানে বন দপ্তরের পাতা খাঁচায় মঙ্গলবার রাতে বন্দী হলো একটি চিতাবাঘ। জানা গেছে কয়েকদিন ধরেই চিতাবাঘটি চা বাগান ও লাগোয়া এলাকায় রীতিমতো আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছিলো। চা বাগানের শ্রমিকরা প্রান হাতে নিয়ে চা বাগানে কাজ করতেন। বন দপ্তরের কর্মীরা খবর পেয়ে এলাকায় আসেন ও চিতাবাঘের অস্তিত্ব সম্পর্কে নিশ্চিত হয়ে মঙ্গলবার রাতে ছাগলের টোপ দিয়ে চা বাগানে খাঁচা পাতেন। ছাগল খাবার লোভে রাতেই চিতাবাঘটি খাঁচায় বন্দী হয়। বুধবার সকালে চা বাগানের বাসিন্দারা চিতাবাঘের গর্জন শুনতে পেয়ে খাঁচার কাছে গিয়ে দেখেন চিতাবাঘটি খাঁচায় বন্দী হয়েছে। তারা ফের খবর দেন বন দপ্তরের কর্মীদের। কর্মীরা খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে খাঁচা সহ চিতাবাঘটিকে নিয়ে যান। তারা জানান স্বাস্থ্য পরীক্ষার পর চিতাবাঘটিকে জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। চিতাবাঘটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন চা বাগান ও লাগোয়া এলাকার বাসিন্দারা।

## লোধা শবর গ্রামে পুলিশের "সম্পর্ক"



গোপাল যাদব, এই যুগ, পশ্চিম মেদিনীপুর, ৪ ফেব্রুয়ারি : পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশের তত্ত্বাবধানে এবং শালবনি থানার উদ্যোগে, শালবনির পাথরকুমকুমি লোধা শবর কমিউনিটি হলে অনুষ্ঠিত হল জনসংযোগ অনুষ্ঠান "সম্পর্ক" এই অনুষ্ঠান পিছিয়ে পড়া লোধা শবর মানুষের জন্য বিনামূল্যের স্বাস্থ্য পরীক্ষা ও স্বাস্থ্য সচেতনতা শিবির আয়োজন করা হয়।মূলত মানুষের স্বাস্থ্য পরীক্ষা মানে শুধু রোগ নির্ণয় নয়, তাদের উদ্বেগ শোনা, সমস্যাকে গুরুত্ব দেওয়া এবং সুস্থ জীবনের পথে এগিয়ে যেতে সাহস জোগানো। বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ ও সচেতনতা বার্তা সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং তাদের মনে আস্থা তৈরি করার জন্য এই স্বাস্থ্য শিবির । প্রায় ৩০০ জনেরও বেশি মানুষ চিকিৎসা পরিষেবা ও প্রয়োজনীয় স্বাস্থ্য পরামর্শ গ্রহণ করেন । এই শিবির সমন্ধে জেলা পুলিশ সুপার পলাশচন্দ্র ঢালি বলেন , আমাদের এই শিবির শুধু একটি প্রশাসনিক কর্মসূচি নয়, এটি ছিল মানুষের প্রতি গভীর সহমর্মিতা ও দায়বদ্ধতার এক উজ্জ্বল প্রকাশ। সমাজের প্রান্তিক লোধা শবর সম্প্রদায়ের জন্য বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা পরামর্শের ব্যবস্থা করা প্রমাণ করে যে মানবিকতার ভাষা তারা আমাদেরই আপন শুধু চিকিৎসাই নয়, শিবিরে আগত সকলের জন্য মধ্যাহ্নভোজে খাবার পরিবেশন করতে দেখা যায় পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপারকে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রীকান্ত মাহাতো, মাননীয় মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার; পশ্চিম মেদিনীপুর জেলার মাননীয় পুলিশ সুপার শ্রী পলাশ চন্দ্র ঢালী আইপিএস, অতিরিক্ত পুলিশ সুপার , সদর, শ্রী সৌতম ব্যানার্জী, ডেপুটি পুলিশ সুপার, অপারেশন, শ্রী দেবরাজ ঘোষ, ও শালবনি ব্লক ডেভেলপমেন্ট আধিকারিক।

# বাল্যবিবাহ রোধে ট্যাবলোতে করে প্রচার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : বাল্য বিবাহের সংখ্যা বাড়ছে গ্রামে গঞ্জে। বাল্য বিবাহের রোধে সচেতনতা মূলক প্রচার করবে ট্যাবলো। আলিপুরদুয়ার জেলা শহর থেকে এই ট্যাবলো উদ্বোধন হয়েছে বুধবার বিকেলে এমনটাই জানা গেছে বুধবার রাত আটটা নাগাদ। গ্রামীন এলাকার হাট বাজার এলাকায় এই সচেতনমূলক প্রচার চলবে। । বাল্য বিবাহের প্রবনতা যে সব জায়গাতে বেশি রয়েছে মূলত সেই সব জায়গাতে বাল্য বিবাহের বিরুদ্ধে প্রচার চলবে । আলিপুরদুয়ারের মহকুমা পুলিশ আধিকারিক শ্রীনিবাস এমপি জানিয়েছেন জেলার বিভিন্ন প্রান্তে ঘুরে বেড়াবে এই ট্যাবলো।

# পুলিশ আধিকারিক এর বদলি আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : বদলি হয়ে গেলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ আধিকারিক তাপস সরকার তাকে বিদায় সংবর্ধনা জানানো হলো আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে। দীর্ঘদিন তিনি আলিপুরদুয়ার জেলায় দায়িত্ব নিয়ে কাজ করেছেন ফলে পুলিশ মহলে তার বেশ সুনাম রয়েছে। এছাড়াও সাধারণ মানুষের পাশে থেকে তাদেরকে সহযোগিতার হাতে বাড়িয়ে দিয়েছেন তিনি। এদিন বিদায় বেলায় তাকে সম্বর্ধনা জানানো হয় জেলা পুলিশ সুপারের পক্ষ থেকে।

# দুর্ঘটনাগ্রস্থ এলাকা পরিদর্শন করলেন পুলিশ সুপার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : পুঁটিমারির দুর্ঘটনা গ্রস্থ এলাকা পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার খান্ডে বাহালে উমেশ গণপথ, ডিএসপি ট্রাফিক, ট্রাফিক ইন্সপেক্টর এবং শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক বুধবার বিকেল সাড়ে চারটা নাগাদ। সোমবার গভীর রাতে ৩১ নম্বর জাতীয় সড়কের পুটিমারী সেন্ট্রাল ব্যাংকের সামনে ভয়াবহ দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে তিন যুবক। সেন্ট্রাল ব্যাংকের সামনে থাকা একটি বটগাছে সজোরে ধাক্কা মারে বিলাসবহুল গাড়ি আর এরপরেই গাড়িটি ছিন্ন ভিন্ন হয়ে যায়। ঘটনাস্থলে মৃত্যু হয় তিন যুবকের। এদিন পুলিশ আধিকারিকরা এলাকা পরিদর্শন করার পর বটগাছ সংলগ্ন এলাকায় পুলিশের তরফ থেকে বালি বজুরি ফেলানো হয় এবং বটগাছ টি ফিতা দিয়ে চিহ্নিত করন করা হয়েছে যেন রাতের অন্ধকারে দূর থেকে গাছটিকে দেখা যায়। উল্লেখ্য এর আগেও সেন্ট্রাল ব্যাংকের সামনে কয়েকটি দুর্ঘটনা ঘটেছে।

# বীরপাড়া থানায় পুলিশের উদ্যোগে রক্তদান শিবির




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : অপরাধ ঠেকাতে কিংবা শান্তি শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে পুলিশকে যেমন দিনভর কাজ করতে হয় ঠিক তেমনি অসহায় রোগীকে বাঁচাতেও এগিয়ে আসতে হয় মাঝে মধ্যেই পুলিশকে। আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপারের উপস্থিতিতে বীরপাড়া থানায় রক্তদান শিবির করা হয়েছে পুলিশের পক্ষ থেকে। সংগৃহীত রক্ত আলিপুরদুয়ার ব্লাড ব্যাংকের জমা রাখা হয়েছে এদিন এই রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন এসডিপিও জয়গা এবং বীরপাড়া থানার সিআই সহ বিশিষ্ট ব্যক্তিগণ। প্রদীপ প্রজ্জলনের মধ্য দিয়ে রক্তদান শিবিরের শুভ সূচনা করেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার সন্মানীয় খান্ডে বাহালে উমেশ গন পথ ।

# উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার সঙ্গে বৈঠক পুলিশের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা আলিপুরদুয়ার ডিপোর কর্মকর্তা থেকে শুরু করে বাস চালক এবং বাসের কন্ডাকটার দের সঙ্গে বৈঠক করলেন আলিপুরদুয়ার জেলা পুলিশের বেশ কয়েকজন আধিকারিক । এমনটাই জানা গেছে বুধবার বেলা তিনটা নাগাদ। আলিপুরদুয়ার জেলা জুড়ে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার গাড়ি চলছে। যাত্রী পরিষেবা থেকে শুরু করে ট্রাফিক ব্যবস্থা নিয়ে আলোচনা হয় বৈঠকে। এছাড়াও অধিকাংশ বাস চালক এবং কন্ডাক্টর এর কাছে পুলিশের জরুরি নাম্বার না থাকায় একটা বড় আকারের গ্যাপ তৈরি হয়ে আছে। ১০০ এবং ১১২ নম্বর নাম্বার দুটি বাস চালক এবং কন্ডাক্টরদের কাছে দেওয়া হয়েছে জরুরি ভিত্তিতে পুলিশের সঙ্গে যোগাযোগ করার জন্য।

# জলপাইগুড়ি রোড স্টেশন চত্বরে টোটো চালকের হাতে আক্রান্ত আইনজীবীর পরিবার



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, জলপাইগুড়ি, ৪ ফেব্রুয়ারি : ৩০ টাকার ভাড়ার বদলে ২০০ টাকা দাবি করাকে কেন্দ্র করে জলপাইগুড়ি রোড স্টেশনে টোটো চালকের হাতে এক আইনজীবীর পরিবার দফায় দফায় মারধরের অভিযোগ উঠল। ঘটনায় আহত তিনজন বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন, যাদের মধ্যে দু'জন মহিলা। গোটা মারধরের ঘটনা ক্যামেরাবন্দি হয়ে ইতিমধ্যেই ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়।ঘটনাটি ঘটে জলপাইগুড়ি রোড স্টেশন চত্বরে। জানা গিয়েছে, কলকাতা থেকে পদাতিক এক্সপ্রেসে করে জলপাইগুড়ি শহরে পৌঁছন এক মহিলা। তিনি পেশায় একজন আইনজীবীর স্ত্রী। স্টেশন থেকে প্রায় ৩ কিলোমিটার দূরে নিজের বাড়িতে যাওয়ার জন্য টোটো ভাড়া বাবদ তিনি ৩০ টাকা দিতে চান। অভিযোগ, ওই টোটো চালক ২০০ টাকা ভাড়া দাবি করে। এই নিয়ে বচসা শুরু হয়, যা দ্রুত হাতাহাতিতে রূপ নেয়।অভিযোগ অনুযায়ী, অভিযুক্ত টোটো চালক দু'দফায় ওই আইনজীবীর পরিবারের উপর চড়াও হয়ে মারধর করে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে রেল পুলিশ ও কোতোয়ালি থানার পুলিশ। পাশাপাশি বিষয়টি জানতে পেরে সেখানে পৌঁছন একাধিক আইনজীবী ও বার কাউন্সিলের সদস্যরা।এই ঘটনার প্রেক্ষিতে মূল অভিযুক্ত বাসন্তী হাজরাকে গ্রেফতার করেছে কোতোয়ালি থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু হয়েছে।স্টেশনের আরপিএফ আধিকারিক বিপ্লব দত্ত জানান, ঘটনার খবর পেয়েই রেল পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছয়। ভবিষ্যতে এ ধরনের ঘটনা এড়াতে রেল স্টেশন চত্বরের ভিতরে কোনো টোটো দাঁড়ানো বা প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

# জলঢাকা নদী থেকে তোলা হচ্ছে বালি ,ডাম্পার যাতায়াতে বাঁধ ভাঙার আশঙ্কা গ্রামবাসীদের



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, জলপাইগুড়ি, ৪ ফেব্রুয়ারি : গত ৫ অক্টোবরের জলঢাকা নদীর ভয়ঙ্কর বন্যার স্মৃতি এখনো দগদগে হয়ে আছে মানুষের মনে। আর এরই মাঝে জলঢাকা নদী থেকে তোলা হচ্ছে বালি। বালি নিয়ে ডাম্পার গাড়ির চলাফেরা চলছে বাঁধের উপরে। আর এতেই আতঙ্কিত গ্রামবাসীরা। তাদের আশঙ্কা, অতিরিক্ত বালি বোঝাই ডাম্পারের দৌরাত্মে শক্তি হারাচ্ছে তাদের নদী থেকে বাঁচার একমাত্র সম্বল বাঁধ। যার ফলে গ্রামবাসীরা একত্রিত হয়ে বালি পাঁচার রুখে দিলেন। এমনই ঘটনা ঘটেছে ময়নাগুড়ি ব্লকের চূড়াভান্ডার গ্রাম পঞ্চায়েতের ভাঙ্গারহাট সংলগ্ন জলঢাকা নদী এলাকায়। স্থানীয়রা একত্রিত হয়ে বালি পাঁচার রুখতে বাঁশের ব্যারিকেড নির্মাণ করে রাস্তা আটকে বিক্ষোভ দেখান বুধবার। জানা গিয়েছে, ভাঙ্গারহাট ডালের মাথা বলে পরিচিত এলাকায় জলঢাকা নদীতে বিগত কিছুদিন থেকে আর্থ মুভার নামিয়ে বালি উত্তোলন করা হচ্ছে। আর সেই বালি বড় ট্রাক কিংবা ডাম্পার ব্যবহার করে বাঁধ দিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। এই বিষয় নিয়ে বালি উত্তোলনকারী সংস্থার সাথে আলোচনা করে বন্ধ করার কথা জানালেও তারা কর্ণপাত করেননি বলে অভিযোগ। তাই তারা বুধবার রাস্তা আটকে বিক্ষোভ দেখান। স্থানীয়রা জানান, যে রাস্তা দিয়ে বালি নিয়ে যাওয়া হচ্ছে পাশেই রয়েছে একটি শ্মশান, শিব মন্দির। গাড়ি যাতায়াতের জন্য বাঁধ কেটে রাস্তা বানানো হয়েছে। ফলে বাঁধের শক্তি অনেকটা কমে যাচ্ছে বলে অভিযোগ। অন্যদিকে, এলাকায় প্রাথমিক স্কুল, স্বাস্থ্য কেন্দ্র রয়েছে যার ফলে ডা ডাম্পারের দৌরান্তে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে স্থানীয়দের। তাই তারা কোনো ভাবেই নদী থেকে বালি উত্তোলন করতে দেবেন না বলে সাফ জানিয়ে দিয়েছেন। এই বিষয়ে স্থানীয় বাসিন্দা নবীন রায় বলেন," কিছুদিন আগেই ভয়ানক বন্যা হয়ে গেল জলঢাকা নদীতে। কত মানুষের ক্ষতি হয়েছে এলাকায়। শুধুমাত্র বাঁধ দুর্বল থাকার কারণে বাঁধ ভেঙে বাইরে চলে আসে জল। ফলে আমাদের এই এলাকায় আমাদের ভরসা এই বাঁধ। সেই বাঁধে বালি মাফিয়ারা বালি উত্তোলন করে বাঁধের উপর দিয়ে নিয়ে যাচ্ছে। ফলে বাঁধের শক্তি ক্ষয় হচ্ছে। এতে আগামী দিনে আমরাও বিপদের মুখে পড়তে পারি।" আরেক বাসিন্দা নিরুপম রায় বলেন," বালি মাফিয়ারা বালি তুলে নিয়ে যাচ্ছেন বাঁধের উপর দিয়ে। বাঁধের বেশ কিছু জায়গা কেটে তারা রাস্তা নির্মাণ করেছেন। রাস্তায় যেখানে সেখানে গর্ত তৈরি হয়েছে। ছাত্র ছাত্রী, সাধারণ মানুষ কেউ চলাচল করতে পারছে না। তাই আমরা এই এলাকার মানুষ তাদের কাজ বন্ধ করে দেওয়ার জন্য বাঁশের ব্যারিকেড তৈরি করে বিক্ষোভ দেখাচ্ছি।"আরেক বাসিন্দা ধীরেশ অধিকারী বলেন," এই এলাকার বেশির ভাগ মানুষ কৃষিজীবী। ডাম্পার চলাচলের কারণে রাস্তার অবস্থা খারাপ হয়ে গেছে। কৃষি ফসল নিয়ে যাওয়া নিয়ে সমস্যা হচ্ছে। পাশেই স্কুল, হাসপাতাল আছে। সাধারণ মানুষের যাতায়াতের খুব সমস্যা হচ্ছে। কলকাতার মানুষ এখানে এসে নদী থেকে বালি তুলে ব্যবসা করছে আর সমস্যায় পড়ছেন এলাকার সাধারণ মানুষ। এইটা মেনে নেওয়া যায়না, তাই আমরা এলাকার মানুষ নিজেদের বাঁচাতে এই কাজ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি।" এই বিষয়ে ময়নাগুড়ি ব্লক ভূমি ও ভূমি রাজস্ব আধিকারিককে ফোন করা হলে তিনি বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন।

# জ্বালানি কাঠের নীচে পড়ে মৃত্যু এক ব্যক্তির




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : জঙ্গল থেকে জ্বালানি কাঠ সংগ্রহ করে বাড়ি ফেরার পথে জ্বালানি কাঠের নীচে পড়েই নদীতে মৃত্যু হল এক ব্যক্তির। ঘটনাটি ঘটেছে শামুকতলা থানার উত্তর বড় চৌকির বস এলাকায়। মৃত ব্যক্তির নাম মিত্র রায় তার বাড়ি বড় চৌকির বস এলাকায়। বুধবার সকালে যথারীতি তিনি জ্বালানি কাঠ সংগ্রহ করতে জঙ্গলে যান। দুপুর গড়িয়ে বিকাল থেকে সন্ধ্যা হলেও বাড়ি ফিরে আসেননি আর তিনি। এরপরই তার পরিবারের লোকেরা জঙ্গল এর দিকে রওনা দিলে নদীতে গিয়ে দেখা যায় জ্বালানি কাঠের বোঝা পড়ে রয়েছে নদীতে। আর সেই জ্বালানি কাঠের নীতি রয়েছে মিত্র রায়। এর পরই খবর দেওয়া হয় শামুকতলা থানার পুলিশকে পুলিশ গেম মৃতদের উদ্ধার করে তাদের হেফাজতে নিয়ে আসে। বৃহস্পতিবার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হবে।

# জলদাপাড়ার জঙ্গলে দেখা মিললো বিরল প্রজাতির ধূসর লাঙ্গুর



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৪ ফেব্রুয়ারি : জলদাপাড়ার জঙ্গলে দেখা পাওয়া গেলো বিরল প্রজাতির ধূসর লাঙ্গুর। জানা গেছে এক পর্যটক জলদাপাড়ার হলং এর কাছে এই লাঙ্গুর এর ছবিটি তার ক্যামেরার লেন্সে বন্দী করেন গত সোমবার। এরপর তিনি এই ছবিটি বন কর্তাদের কাছে পাঠিয়ে দেন। বন কর্তারা ছবিটি বিশ্লেষণ করে জানান তাদের ধারনা এটি হিমালয়ান গ্রে লাঙ্গুর। অনেকে এটিকে আবার চাম্বা সেক্রেড লাঙ্গুর বলেও অভিহিত করেন। বিশ্ব প্রাণী সংস্থা এই প্রানীটিকে বিপন্ন তালিকা ভুক্ত করলেও বর্তমানে বিশ্বে এর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। সারা বিশ্বে এদের বর্তমান সংখ্যা হাজার দেড়েক হবে। মূলত হিমাচলের চাম্বা, পাক অধিকৃত কাশ্মীর, পাকিস্তান, আফগানিস্তান, নেপাল ও ভুটানে এদের বাসস্থান হলেও জলদাপাড়ার জঙ্গলে এই প্রথম এদের দেখা মিলেছে। বন কর্তারা এই লাঙ্গুরের দেখা মেলায় যারপরনাই উল্লসিত।

# বাঘের পায়ের ছাপকে কেন্দ্র করে আতঙ্ক



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ৪ ফেব্রুয়ারি : ফের পায়ের ছাপকে কেন্দ্র করে বাঘের আতঙ্ক এলাকায়। ঘটনাস্থলে এবার ধুপগুড়ির গধেয়ারকুঠি। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছালো নাথুয়া রেঞ্জের বনকর্মীরা। এলাকাবাসীদের হাতে দেওয়া হলো বাজি পটকা। এলাকাবাসীদের অভিযোগ গধেয়ারকুঠির দক্ষিণ ঝাড় আলতাগ্রাম এলাকায় গত কয়েকদিন ধরে বিভিন্ন জমিতে পায়ের ছাপ লক্ষ্য করে এলাকাবাসীরা। তাদের দাবি অনেকটা বাঘের পায়ের ছাপ এর মতোই সেই জমিতে থাকা পায়ের ছাপগুলো। ঘটনার জেরে ভয়ে জমিতে যাওয়া বাদ দিয়েছে কৃষকরা। এলাকাবাসীদের দাবি গ্রামের দুই গৃহবধূ স্বচক্ষে নাকি বাঘের মতো কিছু দেখতে পায়। আর সেই কথা জানাজানি হতেই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে গ্রামবাসীদের মধ্যে। বিগত কয়েকদিন আগেও ধুপগুড়ির অপর একটি এলাকায় বাঘের আক্রমণে আহত হয় এক ব্যক্তি। ওই ঘটনার পরেই আরো বেশি ভয় ছড়িয়ে পড়ে এলাকায়। এদিন পুরো বিষয়টি নাথুয়া রেঞ্জে জানানো হলে বন কর্মীরা ঘটনাস্থলে সরজমিনে পৌঁছে তদন্ত শুরু করে। এবিষয়ে মোরাঘাট রেঞ্জার চন্দন ভট্টাচার্য বলেন পায়ের ছাপ দেখে অনুমান করা হচ্ছে যে চিতাবাঘ হতে পারে। তবে সবটাই খতিয়ে দেখা হচ্ছে। যদিও কয়েক মাস আগে জলঢাকার বাঁধ ভেঙে প্লাবিত হয় এলাকার বেশ কিছু এলাকা। এমনকি গধেয়ারকুঠি বনাঞ্চল জলে ভরে যায়। অনেকেই অনুমান করছেন হয়তো বাঘ বা অন্য বন্য পশুরা ওই সময় প্রাণ বাঁচাতে সে সময় উঁচু জায়গায় আশ্রয় নেয়। তাই সেটি বাঘও হতে পারে। অন্যদিকে নাথুয়া রেঞ্জ সূত্রে জানা যায় সেটি বাঘের পায়ের ছাপ নয়।

# হাতির তাণ্ডব , ক্ষতির পরিমাণ কয়েক লক্ষ টাকা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : প্রতি রাত্রে হাতির তাণ্ডব চলছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক তথা মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায়। বুধবার বেলা তিনটা নাগাদ ওই এলাকায় গিয়ে জানা গেছে মঙ্গলবার গভীর রাতে এক পাল হাতি হেসে ফুলকপি বাঁধাকপি বেগুন এবং শশা খেত গুঁড়িয়ে দেয়। লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে কৃষকদের এমনটাই জানা গেছে ওই এলাকার ক্ষতিগ্রস্ত কৃষক মহন্ত নার্জিনারি কাঞ্চন বর্মন রঞ্জিত বর্মন এর সঙ্গে কথা বলে। জানা গেছে কফি খেত শসা ক্ষেত এবং বেগুন ক্ষেত পিষে দেয় হাতির পাল।

# ব্রাউন সুগার সহ গ্রেপ্তার অভিযুক্ত কে তোলা হলো আদালতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : ৫০৮ গ্রাম ব্রাউন সুগার সহ গ্রেফতার সামিনা খাতুন কে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে মাদারিহাট থানার পুলিশ এমনটাই জানা গেছে মাদারিহাট থানার পুলিশের কাছ থেকে বুধবার বিকেলে তিনটে নাগাদ। গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে মধ্য মাদারিহাট এলাকার পিংকি চৌপথী থেকে ব্রাউন সুগার সহ গ্রেপ্তার করা হয়েছে সামিনা খাতুন কে মঙ্গলবার বিকেলে। বুধবার অভিযুক্ত মহিলাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। পুলিশ জানিয়েছে অভিযান লাগাতার চলতেই থাকবে মাদকদ্রব্য ব্যবসায়ীদের বিরুদ্ধে।

# ট্রাফিক আইন ভঙ্গ আটক দুটি গাড়ি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ ফেব্রুয়ারি : ট্রাফিক আইন ভঙ্গ করার অভিযোগে জেলা পরিবহন দপ্তর পণ্যবাহী গাড়ি আটক করে শামুকতলা রোড পুলিশ ফাঁড়িতে রেখেছে এমনটাই জানা গেছে শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ওসি সঞ্জীব মাদকের কাছ থেকে। পুলিশ সূত্রে জানা গেছে একটি গাড়িতে বালিয়ে আবহাওয়া উপকারীতে ইট রয়েছে। গাড়ি দুটিতে অতিরিক্ত মাল বোঝাই থাকার দরুন গাড়ি চালকদের বিরুদ্ধে সরকারি আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন পুলিশ।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |